মেহেরপুরের কাঁচা বাজারে কিছুটা স্বস্তি

শীতের শুরুতে পর্যাপ্ত সরবরাহ থাকায় ও কয়েক দফা অবরোধের কারনে মেহেরপুরে উৎপাদিত সবজি জেলার বাইরে না যেতে পারায় মেহেরপুর শহরে কাঁচা বাজারে সবজির দাম নিয়ে ক্রেতাদের মধ্যে স্বস্তি দেখা গেছে।

গতকাল শুক্রবার ছুটির দিনে মেহেরপুর বড় বাজারের আড়ৎ ও কাচা বাজার ঘুরে দেখা গেছে,গত এক সপ্তাহ ধরে সব সবজির দাম বিগত অর্ধেকে নেমে এসেছে।ব্যাবসায়ীদের সঙ্গে কথা বলে জানা যায়, পাইকারি বাজারের দামের সঙ্গে সমন্বয় করে শীতকালীন শাকসবজি বিক্রি করছেন তারা। তবে বিক্রেতারা বলছেন বাজারে সকল পণ্যের দাম কমলেও একই সাথে ক্রেতার সংখ্যাও কমে গেছে।

সরেজমিনে বড়বাজার কাঁচাবাজারে যেয়ে দেখা যায়,গত সপ্তাহে সীম বিক্রি হয়েছিল ১২০ টাকা কেজি আর এই সপ্তাহের ৩০ টাকা , কচুর দাম ১০০ টাকা কেজি থেকে কমে ৩০ টাকা, আলু ৬০ টাকা কেজি থেকে কমে হয়েছে ৪৫ টাকা কেজি, লাউ এর দাম ৫০ টাকা থেকে কমে ৩০ টাকা পিস, ফুলকপি ৮০ টাকা থেকে কমে হয়েছে ২০ টাকা কেজি, বেগুন ৮০ টাকা কেজি থেকে কমে হয়েছে ৩০ টাকা, পালংশাক ৮০ টাকা কেজি থেকে কমে ৩০ টাকা কেজি। এছাড়াও সব সবজির তুলনামূলক কমলেও অধিকাংশ বিক্রেতা বলেছেন পণ্যের দাম কমার পর বাজারে ক্রেতার সংখ্যা না বেড়ে উপরন্ত অনেক কমে গেছে।

কাঁচা বাজারের বাজার করতে আসা ফারুক নামের এক ক্রেতা বলেন, অনেকদিন পর বাজার করতে এসে আজকে কিছুটা স্বস্তি পেলাম। সকল পন্যের দাম অনেকটা সহনীয়।

হোস্টেলে থাকা কলেজ ছাত্রী নিসাত বলেন, আমরা সপ্তাহে দুইবার বাজারে আসি। এ সপ্তাহে বাজারে অনেক নতুন সবজি উঠেছে, দামও তুলনামূলক ভাবে গত সপ্তাহের তুলনায় অনেক কম।

কার্পাসডাঙ্গা কাঁচা বাজারে সিসি রাস্তার ঢালায় কাজের উদ্বোধন

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারের রাস্তা ঢালায় কাজের উদ্বোধন করা হয়েছে। কাচাঁবাজার থেকে সাইকেল বাজারের অভিমুখে ১২০ মিটার রাস্তার সিসি ঢালায় কাজের উদ্বোধন করেন।

আজ মঙ্গলবার সকাল ১০টার সময় হাট-বাজার উন্নয়ন প্রকল্পের(আর এফ কিউ) অর্থায়নে ৪ লাখ টাকা ব্যায়ে ১২০মিটার রাস্তার উদ্বোধন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম বিশ্বাস করা হয়।

এসময় আরো উপস্হিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ: লীগের যুগ্ন সম্পাদক আ:সালাম বিশ্বাস সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল মোখলেছুর রহমান রিপন কার্পাসডাঙ্গা আলিয়া মাদ্রাসার সাবেক প্রধান শিক্ষক গোলাম ইউসুফ,দামুড়হুদা উপ প্রকোশলী আক্তারুজ্জামান, দামুড়হুদা উপজেলা কার্য্য সহকারী রোকন শিকদার, কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল, সাধারন সম্পাদক মোস্তাফিজ কচি, প্রচার সম্পাদক শফিকুল ইসলাম, ঠিকাদার টিপু সুলতান সহ স্থানীয় ব্যবসায়ীবৃন্দ।